# PROSHIKA

A CENTRE FOR HUMAN DEVELOPMENT

এপ্রিল ২০, ২০২৫

## নির্দেশিকা

মাইক্রোফাইনান্স ফিল্ড অপারেশনের সাথে সংশ্লিষ্ট সকলে অবহিত আছেন যে, প্রশিকার ক্ষুদ্রঋণ কার্যক্রমের অবস্থা ক্রমান্বয়ে খারাপের দিকে যাচ্ছে। এখন তা গ্রহনযোগ্য মাত্রার অনেক কম। তা থেকে উত্তরনের জন্য ব্যবস্থাপনা পর্যায়ের প্রায় সকল স্তরের কর্মীদের সাথে বিভিন্ন সময় আলোচনা হয়েছে। কিন্ত কার্যাকর কোন উন্নতি হয় নাই। গত জানুয়ারি-২৫ সালে পিকেএসএফের পরামর্শে ওডি ও রিস্ক ঋণ থেকে আদায়ের ছয়মাসের একটি লক্ষ্যমাত্রা নির্ধারিন করা হয়। এ পর্যন্ত পরিকল্পনার সাথে অর্জন আশাব্যঞ্জক নয়। উপরন্ত ওডি ও রিস্ক ঋণের পরিমান বৃদ্ধি পাচ্ছে যা খুবই উদ্বেগজনক।

এমআরএ ও পিকেএসএফের নিকট ক্ষুত্রঋণ কার্যক্রমের মূল্যায়নের গ্রহণযোগ্য সূচক হলো PAR% ।

PAR% গননার সূত্রটি পুনরায় নিম্নে দেয়া হলো:

$$= \frac{\text{OD Loan outstanding} + \text{Risk Loan outstanding}}{\text{Total Loan outstanding}} \times 100$$

এই PAR% এর গ্রহনযোগ্য মাত্রার পরিমান সর্বোচ্চ ১০%, উহা একজন কর্মীর ক্ষেত্রে যেমন প্রযোজ্য শাখা বা ব্যবস্থাপকের সকল স্তরের ক্ষেত্রে প্রযোজ্য। প্রশিকার PAR% অনেক বেশি। PAR% এর পরিমাণ ১০% এর নীচে না হলে প্রশিকাকে কোন সংস্থা নুতন করে অর্থায়ন করবে না। PAR% কমানোর উল্লেখ্যযোগ্য কয়েকটি কৌশল নিম্নে উল্লেখ করা হলো :

১. নূতন করে কোন ঋণ Risk যেতে দেয়া যাবে না।
২. ওডি থেকে আদায়ের পরিমান বৃদ্ধি করতে হবে।
৩. নূতন ঋণ প্রদান বৃদ্ধি করতে হবে।
৪. সদস্য সংখ্যা বৃদ্ধি করতে হবে।

উপর্যুক্ত বিষয় বিবেচনায় রেখে নিম্নেল্লিখিত পরিকল্পনা গ্রহন করতে হবে:

১. কর্মী ভিত্তিক PAR% কমানোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। যে সকল কর্মীর PAR% ১০% এর বেশি তাদের ডিসেম্বর-২৫ এর মধ্যে ১০% এর নীচে আনার পরিকল্পনা করতে হবে।
২. কর্মী ভিত্তিক পরিকল্পনা করে তা সংশ্লিষ্ট পরিচালকের অনুমোদন নিতে হবে।
৩. পরিকল্পনার একটি কপি পরিচালকের নিকট জমা রাখতে হবে এবং আবার একটি কপি কেন্দ্রীয় অফিসের ফিনান্সিয়াল সার্ভিসেস বিভাগে জমা দিতে হবে।

এখানে উল্লেখ্য PAR% এর উপর ভিত্তি করে কর্মী ও ব্যবস্থাপকদের পদোন্নতি, ইনক্রিমেন্ট ইত্যাদি বিবেচনায় নেয়া হবে। তাই পরিকল্পনার সাথে অর্জন গুরুত্ব দিয়ে বিবেচনায় নিতে হবে।

বিগত তিন মাসের ক্ষুদ্রঋণ কার্যক্রমের মূল্যায়ন করলে দেখা যায় ঋণ বিতরনের পরিমাণ কম হচ্ছে। তাছাড়া বিশেষ সঞ্চয় আদায়ে স্থবিরতা দেখা দিয়েছে বা কোন কোন শাখায় আদায়ে অনীহা কাজ করছে। বিশেষ সঞ্চয় প্রশিকার পোর্টফলিও বৃদ্ধি তথা আয় বৃদ্ধিতে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে। তাই কেন্দ্রীয় নির্দেশ না আসা পর্যন্ত বিশেষ সঞ্চয় আদায় কোন ভাবেই নিরুৎসাহিত বা বন্ধ করা যাবে না।

আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, প্রশিকার কর্মীবৃন্দ আন্তরীক হলে বর্তমান অবস্থা থেকে উন্নয়ন সম্ভব।

সকলের সুস্বাস্থ্য কামনা করি।

ধন্যবাদ

সিরাজুল ইসলাম
প্রধান নির্বাহী
প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র
মিরপুর, ঢাকা-১২১৬।

সংযুক্তি : PAR% কমানোর পরিকল্পনার ফরমেট।

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র

# শাখা ভিত্তিক PAR কমানোর পরিকল্পনা

এপ্রিল -২০২৫ থেকে ডিসেম্বর-২০২৫ পর্যন্ত আদায়ের পরিকল্পনা

শাখার নাম : ------------------------ শাখার কোড : ------------------------

| ক্র. | কর্মীর নাম | কর্মী নং | বিদ্যমান PAR | | PAR কমানোর পরিকল্পনা | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | এপ্রিল | মে | জুন | জুলাই | আগষ্ট | সেপ্টেম্বর | অক্টোবর | নভেম্বর | ডিসেম্বর |
| ১ | | | পরিমাণ (টাকা) | | | | | | | | | | |
| | | | হার % | | | | | | | | | | |
| ২ | | | পরিমাণ (টাকা) | | | | | | | | | | |
| | | | হার % | | | | | | | | | | |
| ৩ | | | পরিমাণ (টাকা) | | | | | | | | | | |
| | | | হার % | | | | | | | | | | |
| ৪ | | | পরিমাণ (টাকা) | | | | | | | | | | |
| | | | হার % | | | | | | | | | | |
| ৫ | | | পরিমাণ (টাকা) | | | | | | | | | | |
| | | | হার % | | | | | | | | | | |
| ৬ | | | পরিমাণ (টাকা) | | | | | | | | | | |
| | | | হার % | | | | | | | | | | |
| ৭ | | | পরিমাণ (টাকা) | | | | | | | | | | |
| | | | হার % | | | | | | | | | | |
| | সর্বমোট | | পরিমাণ (টাকা) | | | | | | | | | | |
| | | | হার % | | | | | | | | | | |

শাখা ব্যবস্থাপকের স্বাক্ষর
নামঃ
কর্মী নংঃ

এলাকা ব্যবস্থাপকের স্বাক্ষর
নামঃ
কর্মী নংঃ

বিভাগীয় ব্যবস্থাপকের স্বাক্ষর
নামঃ
কর্মী নংঃ